গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

**বিষয়ঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. নাহিদ রশীদ, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| তারিখ ও সময় | : | ২৯ ডিসেম্বর ২০২২ ও বেলা ১১.০০ টা |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের গুরুত্ব সম্পর্কে সভায় আলোকপাত করা হয় এবং এসকল প্রতিশ্রুতির সাথে সরকারের পূর্বের মেয়াদ এবং বর্তমান মেয়াদেও অনেক ক্ষেত্রে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্বাচনী ইশতেহারেরও সম্পর্ক রয়েছে বিধায় প্রতিশ্রুতি দ্রুততম সময়ে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণ মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের বিষয়ে একমত পোষণ করে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে এ বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন মর্মে জানান।

২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব মোঃ আবদুর রহমান বিগত ২৪ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। সভায় এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা প্রধানগণ নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে অগ্রগতি অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

**প্রতিশ্রুতিঃ** মাননীয় প্রধানমন্ত্রীর ০৬ (ছয়) টি প্রতিশ্রুতির সবগুলি বাস্তবায়িত।

**নির্দেশনাসমূহঃ**

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত/ মন্তব্য | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে সকলকে সম্পৃক্ত করতে হবে। | প্রশাসন-১ অধিশাখার উপসচিব সভায় জানান যে, (ক) অভীষ্ঠ-১৪ এর বেইজ লাইন ডাটা প্রণয়নের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে ১৪-১৫ ডিসেম্বর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।<br>(খ) GED কর্তৃক SDG Revised Action Plan প্রণয়নের জন্য এ মন্ত্রণালয়ের হালনাগাদ তথ্য প্রেরণ করা হয়েছে। | টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)/ যুগ্মসচিব (সকল)/ সকল সংস্থা প্রধান |
| ২. | হাওর এলাকায় অধিক পরিমাণে মৎস্য চাষ এবং সম্ভাব্যতা যাচাইপূর্বক মৎস্য প্রক্রিয়াকরণ শিল্প-প্রতিষ্ঠান গড়ে তোলা যেতে পারে। | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় জানান যে,<br>• ''হাওর অঞ্চলে মৎস্যসম্পদ উন্নয়ন' শীর্ষক প্রকল্পে জনবল অনুমোদন এবং যাচাই-সভা অনুষ্ঠিত হয়েছে।<br>• পরিকল্পনা কমিশনের অনুশাসন অনুযায়ী নিরপেক্ষ প্রতিষ্ঠান কর্তৃক উক্ত প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা কার্যক্রম চলমান রয়েছে।<br>• নিরপেক্ষ প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন এবং পর্যালোচনা সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ প্রক্রিয়াধীন রয়েছে।<br>**বিএফআরআইঃ** হাওড় ও বিলে আলোচ্য বিষয়ে গবেষণা পরিচালনার জন্য বিএফআরআই হতে 'কিশোরগঞ্জ জেলায় হাওর মৎস্য গবেষণা ও গোপালগঞ্জ জেলায় বিল মৎস্য গবেষণা কেন্দ্র স্থাপন' প্রকল্পের উপর গত | বিএফআরআই হাওরে Species Spreading নিয়ে গবেষণা কার্যক্রম গ্রহণ করবে। | অতিরিক্ত সচিব (মৎস্য/ পরিকল্পনা)/ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/ মহাপরিচালক, বিএফআরআই |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৯.০৮.২০২১ ইং তারিখে PEC সভা অনুষ্ঠিত হয়েছে। ডিপিপি ২৯.০৯.২০২২ ইং তারিখ পুর্ণগঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্প অনুমোদন সাপেক্ষে হাওর ও বিলের মাছের জীববৈচিত্র সংরক্ষণ গবেষণাসহ অন্যান্য গবেষণা কার্যক্রম নিয়মিতভাবে বাস্তবায়ন করা সম্ভব হবে। | | |
| ৩. | এ মন্ত্রণালয়ের মাধ্যমে মৎস্য এবং হালাল মাংস সৌদি আরবসহ মুসলিম দেশসমূহে রপ্তানি করা যেতে পারে। | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় জানান যে,<br>২০২২-২৩ অর্থবছরের নভেম্বর ২০২২ মাস পর্যন্ত মধ্যপ্রাচ্যে মোট ১,৪৩৮.৬৮ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে। তন্মধ্যে সৌদি আরবে ৩৯৬.০০ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে।<br>বিগত ২০২১-২২ অর্থবছরের নভেম্বর, ২০২১ মাস পর্যন্ত মধ্যপ্রাচ্যে মোট ১৫৫২.৪০২ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে। তন্মধ্যে সৌদি আরবে ২৮৫.০৮ মে.টন মৎস্য ও মৎস্যপণ্য রপ্তানি হয়েছে।<br>রপ্তানিযোগ্য মাছের গুণগতমান নিশ্চিত করার জন্য রপ্তানিতব্য মৎস্য পণ্যের লট ও প্রক্রিয়াজাত করাখানা পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ করা হয়ে থাকে। ক্রেতার চাহিদা মোতাবেক ল্যাবরেটরীতে বিভিন্ন রাসায়নিক ও জীবাণু পরীক্ষণ সম্পন্ন করে রপ্তানিতব্য পণ্যের গুণগতমান নিশ্চিত করা হয়।<br><br>৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনের Fish Conservation বিষয়টি অন্তর্ভুক্ত করে মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের অনুমোদনের প্রক্রিয়া চলমান রয়েছে। বর্ণিত কার্যক্রমটির যথাযথভাবে সংস্থান রেখে গৃহীতব্য প্রকল্পগুলো হলো:<br>• অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মৎস্যসম্পদ উন্নয়ন প্রকল্প;<br>• হাওর অঞ্চলে মৎস্যসম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়);<br>• হালদা নদীর প্রাকৃতিক মৎস্য প্রজননক্ষেত্র উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় পর্যায়);<br>• খরা প্রবণ, বরেন্দ্র অঞ্চল ও নিমগাছী এলাকার জলাশয়সমূহের উৎপাদনশীলতা বৃদ্ধি প্রকল্প।<br>উল্লিখিত প্রকল্পসমূহে কার্যক্রমসমূহের মধ্যে অভয়াশ্রম স্থাপন ও ব্যবস্থাপনা, আবাসস্থল উন্নয়ন, বিল নার্সারি স্থাপন, ফিশ ব্রিডিং এন্ড নার্সারি গ্রাউন্ড স্থাপন, মৎস্য আইন বাস্তবায়ন, স্থানীয় কমিউনিটি গঠন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের সংস্থান রাখা হয়েছে। | (ক) রপ্তানিযোগ্য মাছের গুণগতমান নিশ্চিত করে রপ্তানি করতে হবে।<br><br>(খ) মৎস্য রপ্তানি বৃদ্ধির প্রচেষ্টা গ্রহণ করতে হবে।<br><br>(গ) জরুরি ভিত্তিতে Fish Conservation-এর বিষয়ে প্রকল্প গ্রহণের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (মৎস্য/প্রাস)/ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর/ মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| | | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর সভায় জানান যে,<br>সৌদি আরবে মাংস রপ্তানি পুনরায় শুরু করার জন্য এ্যাক্রিডিটেশন ও ISO সার্টিফাইড কোয়ালিটি কন্ট্রোল ল্যাবরেটরি প্রেতিষ্ঠা হয়েছে। Central Disease Investigation Laboratory (CDIL) ও Field Disease Investigation Laboratory (FDIL) সমূহ FMD রোগ সনাক্তকরণ ও Sero-surveillence সক্ষমতা অর্জন করেছে। এছাড়া, জাতীয় পর্যায়ে অর্থনৈতিক গুরুত্বপূর্ণ রোগসমূহ নিয়ন্ত্রণে ডিজিজ ফ্রি জোনসহ সৌদি আরব প্রত্যাশিত অন্যন্য কমপ্লায়েন্স অর্জনে কার্যক্রম চলমান আছে। | | |
| ৪. | বিদেশের বাজারের পাশাপাশি বাংলাদেশী ব্যবসায়ীদের সমন্বয়ে বিদেশে গড়ে ওঠা মার্কেটে মৎস্য এবং মাংস রপ্তানির মাধ্যমে | মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় জানান যে,<br>• রপ্তানিযোগ্য মাছের গুণগতমান নিশ্চিত করে রপ্তানি করা হয়ে থাকে। রপ্তানিতব্য মৎস্য পণ্যের লট ও প্রক্রিয়াজাত কারখানা পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ করা হয়ে থাকে। ক্রেতার চাহিদা মোতাবেক ল্যাবরেটরীতে বিভিন্ন রাসায়নিক ও জীবাণু পরীক্ষণ সম্পন্ন করে রপ্তানিতব্য পণ্যের গুণগত মান নিশ্চিত করা হয়।<br>• চলতি ২০২২-২৩ অর্থবছরের নভেম্বর ২০২২ মাস পর্যন্ত মোট ২৮,৮৯২.৬৭ মে.টন হিমায়িত মাছ, বরফায়িত মাছ, চিংড়ি ও | (ক) রপ্তানিযোগ্য মৎস্য এবং মাংসের গুণগতমান নিশ্চিত করে রপ্তানি করতে হবে।<br>(খ) মাছের বর্জ্য/ উপজাত দ্রব্য জিডিপিতে অন্তর্ভুক্ত | অতিরিক্ত সচিব(মৎস্য/ পরিকল্পনা/ প্রাস) চেয়ারম্যান, বিএফডিসি/ মহাপরিচালক, মৎস্য |